

আন্তর্জাতিক

হরমুজকে ফের [আমেরিকার ভূখণ্ড] দাবি ট্রাম্পের



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



আন্তর্জাতিক জলপথ হরমুজ প্রণালি [এই মুহূর্তে আমেরিকার ভূখণ্ড] বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের বিরুদ্ধে চলমান মার্কিন অবরোধের মধ্যেই শুক্রবার (২১ আগস্ট) দক্ষিণ ক্যারোলাইনায় এক সমাবেশে তিনি এ দাবি করেন। খবর দ্য গার্ডিয়ানের

ট্রাম্প বলেন, [আমরা এমনকি জানিও না আমরা জিতেছি কি না। কারণ এই মুহূর্তে আমি হরমুজ প্রণালিকে আমেরিকার ভূখণ্ড হিসেবেই দেখি।]

ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধের প্রসঙ্গ টেনে পরে তিনি রসিকতার ছলে আরও বলেন, [শুক্রবার রাত। আমাদের হাতে অনেক সময় আছে। আমাদের কি ইরানে আরও একটু বোমা ফেলতে হবে?]

মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, শুক্রবার পর্যন্ত মার্কিন বাহিনী ৬৮টি বাণিজ্যিক জাহাজকে হরমুজ প্রণালির অবরোধ মেনে চলতে

বাধ্য করেছে।

এদিকে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে শান্তি চুক্তির আলোচনা এখনো সফল হয়নি। সংঘাত প্রায় ছয় মাসে গড়ানোর মুখে ওয়াশিংটন ইরানের ওপর অর্থনৈতিক চাপ আরও বাড়ানোর চেষ্টা করেছে।

এর আগেও ট্রাম্প হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড ঘোষণা করার হুমকি দিয়েছিলেন। তিনি বলেছিলেন, অবরোধের মাধ্যমে যুক্তরাষ্ট্র প্রণালিটি নিয়ন্ত্রণ করছে এবং তার ইচ্ছা হলে কোনো জাহাজ সেখানে চলাচল করতে পারে।

সোমবার সাংবাদিকদের প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, “আমি এই প্রণালিকে একটি ভূখণ্ড ঘোষণা করার ধারণাটি পছন্দ করি।”

পরে সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি একটি মানচিত্রও প্রকাশ করেন, যেখানে হরমুজ প্রণালিকে “নতুন মার্কিন ভূখণ্ড” হিসেবে চিহ্নিত করা হয়।

তবে ইরান ট্রাম্পের এই বক্তব্য সরাসরি প্রত্যাখ্যান করেছে। ইরানের উপপরাষ্ট্রমন্ত্রী কাজেম গরিবাবাদি ট্রাম্পের এ দাবিকে “ভ্রান্ত কল্পনা” বলে উড়িয়ে দিয়েছেন।

এ বিভাগের আরও খবর



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিদ্রোহ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিদ্রোহ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিদ্রোহ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্স...



কঙ্গো নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু

গণতান্ত্রিক গণপ্রজাতন্ত্রী কঙ্গো নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...



হরমুজে উদ্বেগের মধ্যেও কমেছে অপরিশোধিত তেলের দাম

মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহ স্বাভাবিক থাকায় এবং জি৭ গোটের কৌশলগত মজুত থেকে জরুরি তেল ছাড়ার ঘোষণায় আন্তর্জাতিক বাজারে উদ্বেগ কিছুটা কমেছে। এর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/hrmujke-fer-amerikar-bhukhnd-dabi-tramper>